

ত্রিপুরা সরকারের সামাজিক ভাতা ভেরিফিকেশন সংক্রান্ত বিশেষ  
নির্দেশিকা

ত্রিপুরা সরকারের সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর পরিচালিত সামাজিক সুরক্ষার ভাতার বিভিন্ন সময়ে যাচাইকালে ইহা লক্ষ্য করা গেছে যে কিছুসংখ্যক ভাতা প্রাপকগন বিগত সব যাচাইকালে অনুপস্থিত ছিলেন এবং তাদের অনুপস্থিতির কারণে তাদের ভাতা যাচাইকরনের কাজ সম্পন্ন করা যায় নি। পুনরায় অনুপস্থিত ভাতা প্রাপকদের আগামী ২৮শে জুন ২০২১ ইং থেকে ৫ই জুলাই ২০২১ ইং এর মধ্যে নিজ নিজ এলাকার সি.ডি.পি.ও (CDPO) অফিসে প্রয়োজনীয় তথ্যাদি সহ যোগাযোগ করার জন্যে বিনম্র অনুরোধ করা হচ্ছে। এ ছাড়াও উল্লেখ করা হচ্ছে শেষ পর্যায়ের ভাতার যাচাইকালে যে সকল ভাতা প্রাপকদের নাম নথীপত্রের ত্রুটির ( যেমন রেশন কার্ড সংক্রান্ত তথ্য / পরিবারিক আয় / পেশা যুক্ত সার্টিফিকেট / পরিবারে সরকারী চাকুরী সংক্রান্ত তথ্য এবং স্কীমের সঙ্গে যুক্ত প্রয়োজনীয় সার্টিফিকেটের নির্দিষ্ট প্রতিলিপি, ইত্যাদি ) কারণে বাদ দেওয়া হয়েছে, তাদের ও উপরোক্ত সময়ের মধ্যেই সি.ডি.পি.ও (CDPO) অফিসে প্রয়োজনীয় তথ্যাদি সহ যোগাযোগ করার অনুরোধ রইলো।



সচিব

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর  
ত্রিপুরা সরকার